

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৪, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
প্রজ্ঞাপন

তারিখ : ০২ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ/১৭ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-২৪৮।—“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৫ নভেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৯.১০৬৭ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section(1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসের ০১ (এক) জন কর্মকর্তা-কে ভোটিংহণের পূর্বের দু’দিন, ভোটিংহণের দিন ও ভোটিংহণের পরের দু’দিন অর্থাৎ ১০ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ হতে ১৪ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

ক্রম	জেলা	উপজেলা	ইউনিয়ন	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫
১.	কক্সবাজার	মহেশখালী	শাপলাপুর	জনাব মুহাম্মদ আব্বাস উদ্দিন, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, মহেশখালী, কক্সবাজার

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেট দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

(২৫৪৬৫)

মূল্য : টাকা ৪.০০

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর **web mail address (ds law@ecs.gov.bd)** এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নাম :.....

ইউনিয়ন পরিষদের নাম :.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঞ্চে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আবু ইব্রাহিম

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.